# চাকরি পেতে SRB কোর্সে ভর্তি হোন

বর্তমানে রাজার চাকরি হল কেন্দ্রীয় সরকারি চাকরি। এদের তিনটি স্তম্ভ হল SSC, রেল ও ব্যাঙ্ক। আর তাদের নিয়েই আমাদের আয়োজন এই SRB কোর্সের। আমাদের রাজ্যের ছেলেমেয়েদের কেন্দ্রীয় সরকারি চাকরির প্রতি অ্যালার্জির কারণ হল — তীব্র প্রতিযোগিতা, হিন্দির দৌরাত্ম্য, কম্পিউটার ভীতি, বর্ণনাত্মক বিষয়সমূহ, ভারত ভ্রমণ প্রভৃতি। কিন্তু সাফল্যকে করায়ত্ত করতে হলে এসব ভয় জয় করতেই হবে। একবার সাফল্যের স্বাদ পেয়ে গেলে, বাকি জীবন শুধু সুখ আর সুখ। রাজ্য সরকার বা অন্যান্য সরকারি চাকরির থেকে শত-সহস্র গুণ ভালো এই কেন্দ্রীয় সরকারি চাকরি। যাঁরা এখনো পাননি তাঁদের এই কোর্সে ভর্তি হতেই হবে। পরীক্ষাসমূহ : SSC (CGL, CHSL, MTS, GD [Constable] ; Rail : Tech→ALP, JE, টেকনিশিয়ান, Non-Tech→ASM, GR-D, NTPC ; Bank : ক্লার্ক ও P.O. প্রশিক্ষণ দাতা : CACES, 35, APC Road (Near Jagat Cinema), Kol-9, WA : 9123325910.


## জিওলজিক্যাল সার্ভেতে ৮৪

১ পাতার পর

চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে। শূন্যপদ : ১৬টি।

**জিওফিজিসিস্ট গ্রুপ-এ :** ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, জিওফিজিক্স, অ্যাপ্লায়েড জিওফিজিক্স, মেরিন জিওফিজিক্সের এম.এসসি. কোর্স পাশরা যোগ্য। এক্সপ্লোরেশন জিওফিজিক্সের ইন্টিগ্রেটেড এম.এসসি. বা, অ্যাপ্লায়েড জিওফিজিক্সের এম.এসসি. (টেক) কোর্স পাশরাও আবেদন করতে পারেন। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে। শূন্যপদ : ৬টি।

**কেমিস্ট গ্রুপ-এ :** কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরা আবেদন করতে পারেন। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে। শূন্যপদ : ২টি।

**সায়েন্টিস্ট-বি (কেমিক্যাল), গ্রুপ-এ :** কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরা আবেদন করতে পারেন। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে। শূন্যপদ : ১টি।

**সায়েন্টিস্ট বি (হাইড্রোলজিস্ট), গ্রুপ-এ :** জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, হাইড্রোলজি বা, মেরিন জিওলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ওপরের সব ক্ষেত্রে এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে। শূন্যপদ :১৩টি।

**অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট, গ্রুপ-বি :** এম.এসসি. কিংবা ইন্টিগ্রেটেড সায়েন্স (কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, ফিজিক্যাল কেমিস্ট্রি, ইনঅর্গানিক কেমিস্ট্রি, অর্গানিক কেমিস্ট্রি, হাইড্রো-কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ :৪টি।

**অ্যাসিস্ট্যান্ট জিওফিজিসিস্ট গ্রুপ-বি :** ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, জিওফিজিক্স, অ্যাপ্লায়েড জিওফিজিক্স, মেরিন জিওফিজিক্সের এম.এসসি. কোর্স পাশরা যোগ্য। এক্সপ্লোরেশন জিওফিজিক্সের ইন্টিগ্রেটেড এম.এসসি. বা, অ্যাপ্লায়েড জিওফিজিক্সের এম.এসসি. (টেক) কোর্স পাশরাও আবেদন করতে পারেন। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে। শূন্যপদ : ১১টি।

**অ্যাসিস্ট্যান্ট হাইড্রোলজিস্ট, গ্রুপ-বি :** জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, হাইড্রোলজি বা, মেরিন জিওলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ওপরের সব ক্ষেত্রে এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে। শূন্যপদ :৩১টি।

ওপরের সব ক্ষেত্রে এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৩ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, প্রাক্তন সমরকর্মী আর সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : Examination Notice No. 01/ 2025-GEOL. Dated: 04.09.2024.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন,২০২৫'র মাধ্যমে। প্রথমে ৪০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে ৬০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা শুরু ৯ ফেব্রুয়ারি। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের।

সায়েন্টিস্ট -বি (হাইড্রোলজি) পদের বেলায় থাকবে এই দু'টি পেপার : (ক) জেনারেল স্টাডিজ-১০০ নম্বর। সময় ২ ঘন্টা। (খ) জিওলজি / হাইড্রো-জিওলজি-৩০০ নম্বর। সময় ২ ঘন্টা। সায়েন্টিস্ট -বি (জিওফিজিক্স) পদের বেলায় থাকবে এই দু'টি পেপার : (ক) জেনারেল স্টাডিজ -১০০ নম্বর। সময় ২ ঘন্টা। (খ) জিওফিজিক্স - ৩০০ নম্বর। সময় ২ ঘন্টা। কেমিস্ট ও সায়েন্টিস্ট -বি (কেমিক্যাল) পদের বেলায় থাকবে দু'টি পেপার : (ক) জেনারেল স্টাডিজ -১০০ নম্বর। সময় ২ ঘন্টা। (খ) কেমিস্ট্রি -৩০০ নম্বর। সময় ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষা হবে ২১ ও ২২ জুন। এই পরীক্ষা হবে পূর্ব ভারতে কলকাতা, ও দিসপুরে। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। সায়েন্টিস্ট -বি (হাইড্রোলজি) পদের পরীক্ষায় কনভেনশনাল টাইপের প্রশ্ন হবে এই ৩টি বিষয়ে : (১) জিওলজি প্রথম পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (২) জিওলজি দ্বিতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (৩) হাইড্রোলজি তৃতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা।

সায়েন্টিস্ট -বি (জিওফিজিক্স) পদের লিখিত পরীক্ষায় কনভেনশনাল টাইপের প্রশ্ন হবে এই ৩টি বিষয়ে : (১) জিওফিজিক্স প্রথম পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (২) জিওফিজিক্স দ্বিতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (৩) জিওফিজিক্স তৃতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা।

কেমিস্ট ও সায়েন্টিস্ট-বি (কেমিক্যাল) পদের লিখিত পরীক্ষায় কনভেনশনাল টাইপের প্রশ্ন হবে এই ৩টি বিষয়ে : (১) কেমিস্ট্রি প্রথম পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (২) কেমিস্ট্রি দ্বিতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা, (৩) কেমিস্ট্রি তৃতীয় পত্র -২০০ নম্বর, সময় থাকবে ৩ ঘন্টা।

সব পেপারের প্রশ্ন হবে ইংরিজিতে। প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। এরপর ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা, প্রতিবন্ধী ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্কের কোনো শাখায় নগদে কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং বা, ভিসা /মাস্টার কার্ড / ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে পারেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এইমসে ১০০

১ পাতার পর

বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স-পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। নার্সিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। তবে তাঁদের বেলায় ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। পারিশ্রমিক মাসে ২৮,০০০ টাকা। শূন্যপদ : ১০০টি (জেনাঃ৫১, ও.বি.সি.২৭, তঃ জাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। এই পদের Advt No. 482. প্রার্থী বাছাই করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কন্সালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড। এজন্য টেস্ট বা, ইন্টারভিউ হবে। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.becil.com দরখাস্ত ডাকে পাঠাবেন ১৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Broadcast Engineering Consultants India Limited (BECIL), BECIL Bhawan, C-56/A-17, Sector-62. Noida-201307 (UP). আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৬ মাস বা, ১ বছরের কোর্স করে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরি

**নিজস্ব সংবাদদাতা, নদিয়া :** মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যত তৈরির জন্য 'হোটেল ম্যানেজমেন্ট' কোর্স পড়া দরকার। হোটেল ম্যানেজমেন্ট কোর্স পাশ করে দেশ ও বিদেশের বেসরকারি সংস্থার পাশাপাশি সরকারি সংস্থাতে প্রচুর চাকরির সুযোগও আছে। সেই সঙ্গে নিজেও হোটেল বা, রেঁস্তোরা খুলো উচ্চ আয়ে ব্যবসা করতে পারবেন।

কল্যাণী গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্টে 'হোটেল ম্যানেজমেন্ট'এর ডিগ্রি, ডিপ্লোমা আর হোটেল অপারেশনের সার্টিফিকেট কোর্স পড়ানো হচ্ছে। ফী সাধারণ মধ্যবিত্ত মানুষের সাধ্যের মধ্যে। কোর্স চলার সময় ৪-৫ হাজার টাকা আয়ের সুযোগ পাবেন। কোর্স শেষ হওয়ার সঙ্গে সঙ্গে জাপান, দুবাই, বাহরিন, কাতার, ওমান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্যাঙ্কক -সহ দেশ ও বিদেশের হোটেল, হাসপাতাল, মাল্টি ন্যাশনাল কোম্পানি, এয়ার লাইন্স, ক্রুজলাইন, ট্যুরিজম ও জাহাজে নিশ্চিত চাকরির সুযোগ আছে। ভরতি সংক্রান্ত তথ্যের জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট, কল্যাণী সেন্ট্রাল পার্ক, নদিয়া। ফোন : 9433947225, 9062269582.

## নেভিতে ২৫০ অফিসার

১ পাতার পর

ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ২১টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (পাইলট) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ২৪টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (লজিস্টিক্স) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রথম শ্রেণির এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স, লজিস্টিক্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। প্রথম শ্রেণির এম.সি.এ. বা, এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ২০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল আর্মামেন্ট ইন্সপেক্টরেট ক্যাডার) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, মেকানিক্যাল (অটোমেশন), ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটেরিয়াল সায়েন্স, অ্যারোস্পেস, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স বা, ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ১৬টি।

**এডুকেশন ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (অঙ্ক/অপারেশনাল রিসার্চ) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (ফিজিক্স বা, অ্যাপ্লায়েড ফিজিক্স) কোর্স পাশরাও যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। শূন্যপদ : ৭টি। (খ) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

এডুকেশন ব্রাঞ্চের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে ও মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** মেকানিক্যাল, মেরিন, ইন্সট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৩৬টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৪২টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। শুরুতে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কেন্দ্রীয় ৮ বাহিনীতে ৩৯,৪৮১

১ পাতার পর

সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিংবা বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : সেপাই পদে ১৮,০০০-৫৬,৯০০ টাকা আর অন্যান্য পদে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

**কোন পদে ক'টি শূন্যপদ :** বর্ডার সিকিউরিটি ফোর্সে ১৫,৬৫৪টি। এর মধ্যে ছেলেদের জন্য ১৩,৩০৬টি (জেনাঃ ৫,৫৬৩, তঃজাঃ ২,০১৮, তঃউঃজাঃ ১,৪৮৯, ও.বি.সি. ২,৯০৬, ই.ডব্লু.এস. ১,৩৩৩০)। মেয়েদের জন্য ২,৩৪৮টি (জেনাঃ ৯৮৬, তঃজাঃ ৩৫৬, তঃউঃজাঃ ২৬২, ও.বি.সি. ৫১০, ই.ডব্লু.এস. ২৩৪)।

সি.আই.এস.এফ.-এ ৭,১৪৫টি। এর মধ্যে ছেলেদের জন্য ৬,৪৩০টি (জেনাঃ ২,৭২০, তঃজাঃ ৯৫৯, তঃউঃজাঃ ৬৮৭, ও.বি.সি. ১,৪২০, ই.ডব্লু.এস. ৬৪৪)। মেয়েদের জন্য ৭১৫টি (জেনাঃ ৩০৮, তঃজাঃ ১০৬, তঃউঃজাঃ ৭১, ও.বি.সি. ১৫৬, ই.ডব্লু.এস. ৭৪)।

সি.আর.পি.এফ.-এ ১১,৫৪১টি। এর মধ্যে ছেলেদের জন্য ১১,২৯৯টি (জেনাঃ ৪,৭৬৫, তঃজাঃ ১,৬৮১, তঃউঃজাঃ ১,২১৩, ও.বি.সি. ২,৫১০, ই.ডব্লু.এস. ১,১৩০)। মেয়েদের জন্য ২৪২টি (জেনাঃ ১১৬, তঃজাঃ ৩৪, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৫৩, ই.ডব্লু.এস. ১৯)।

এস.এস.বি.-তে ছেলেদের জন্য ৮১৯টি (জেনাঃ ৩৪৯, তঃজাঃ ১২২, তঃউঃজাঃ ৭৯, ও.বি.সি. ১৮৭, ই.ডব্লু.এস. ৮২)।

আই.টি.বি.পি.-তে ৩,০১৭টি। এর মধ্যে ছেলেদের জন্য ২,৫৬৪টি (জেনাঃ ১,১৯১, তঃজাঃ ৩৪৫, তঃউঃজাঃ ৩২৬, ও.বি.সি. ৫০৫, ই.ডব্লু.এস. ১৯৭)। মেয়েদের জন্য ৪৫৩টি (জেনাঃ ২২৪, তঃজাঃ ৫৯, তঃউঃজাঃ ৫৯, ও.বি.সি. ৯০, ই.ডব্লু.এস. ২১)।

অসম রাইফেলসে ১,২৪৮টি। এর মধ্যে ছেলেদের জন্য ১,১৪৮টি (জেনাঃ ৪৮৭, তঃজাঃ ১২৪, তঃউঃজাঃ ২২৩, ও.বি.সি. ২০৫, ই.ডব্লু.এস. ১০৯)। মেয়েদের জন্য ১০০টি (জেনাঃ ৪৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২১, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)।

এস.এস.এফ.-এ ছেলেদের জন্য ৩৫টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৪)।

এন.সি.বি.-তে ২২টি। এর মধ্যে ছেলেদের জন্য ১১টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)। মেয়েদের জন্য ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepai in Narcotics Bureau Examination, 2025'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে আগামী বছর জানুয়ারি-ফেব্রুয়ারিতে। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৪০ নম্বরের ২০টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। এবার এই পরীক্ষায় প্রশ্ন হবে বাংলা ভাষা -সহ সারা রাজ্যের ১৩টি আঞ্চলিক ভাষায়। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), বর্ধমান (৪৪০৪), পোর্ট ব্লেয়ার (৪৮০২), গ্যাংটক (৪০০১), কটক (৪৬০৫), সম্বলপুর, (৪৬০৯), দিসপুর (গুয়াহাটি) (৫১০৫), শিলচর (৫১১১), আগরতলা (৫৬০১), ইটানগর (৫০০১), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), ডিব্রুগড় (৫১০২), কোহিমা (৫৩০২), পটনা (৩২০৬), ভুবনেশ্বর (৪৬০৪) ও রাঁচি (৪২০৫), বেরহামপুর (৪৬০২)।

কম্পিউটার বেসড ☞ এরপর ৫ পাতায়

https://t.me/VISION_ACADEMY_PDF

# চটজলদি খাবারের রেস্তঁরা

ব্যবসা

১ পাতার পর



সুকৃৎ বসু

(৩) ফুল সার্ভিস রেস্তোঁরা।

এর মধ্যে ৩ নম্বর, অর্থাৎ ফুল সার্ভিস রেস্তঁরার বিজনেস মডেলটা আস্তে আস্তে Adoption Curve এর নীচে চলে আসছে। এই ব্যবসা শিফট হয়ে ওপরের ১ ও ২ নম্বর ব্যবসার দিকে চলে যাচ্ছে, অর্থাৎ কুইক সার্ভিস বা ফাস্ট ফুড কর্নারে আর ক্লাউড কিচেন রেস্তঁরায়।

### ফাস্ট ফুড বলতে কী বোঝায় :

ঝটপট খাবার বা ইংরিজিতে ফাস্ট ফুড বলতে সেইসব খাবারকে বোঝানো হয় যেগুলো খুব তাড়াতাড়ি তৈরি করে পরিবেশন করা যায়। যেমন — বার্গার, ফ্রায়েড চিকেন, হট ডগ, ফ্রেঞ্চ ফ্রাই, চিকেন রোল, এগ রোল, মোমো ইত্যাদি। এছাড়াও আছে — দোসা, ইডলি, পাওভাজি, বড়া।

### ফাস্ট ফুডে কী ধরনের খাদ্য উপাদান বেশি পরিমাণে থাকে :

ফাস্ট ফুডে সাধারণত প্রচুর প্রাণীজ চর্বি আর চিনি থাকে, যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

### কেন বেশি জাঙ্ক ফুড খাওয়া উচিত নয়:

জাঙ্ক ফুডে সাধারণত ক্যালোরি, চর্বি, চিনি, লবণ বেশি থাকে আর দরকারি ভিটামিন, খনিজ আর ফাইবার কম থাকে। অত্যধিক জাঙ্ক ফুড খাওয়ার ফলে ওজন বাড়তে পারে। উচ্চ কোলেস্টেরল, উচ্চ রক্তচাপ আর হৃদরোগের ঝুঁকিও থেকে যায়।

### রেস্তঁরার ব্যবসা শুরু করতে কী কী লাইসেন্স দরকার :

(১) পুরসভা বা পুরনিগম থেকে ট্রেড লাইসেন্স।

(২) এফএসএসএআই (FSSAI) লাইসেন্স।

(৩) জিএসটি রেজিস্ট্রেশন।

(৪) পেশাগত ট্যাক্স লাইসেন্স।

### রেস্তঁরা কোথায় করবেন ঠিক করুন :

একটি রেস্তঁরার ব্যবসা শুরু করার সময় সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল তার জায়গা বাছা। এই একটি সিদ্ধান্ত আপনার ব্যবসাকে সবথেকে বেশি প্রভাবিত করবে। রেস্তঁরাটি কোনো বিশিষ্ট আর সহজে চলাচলযোগ্য জায়গায় খোলা উচিত।

রেস্তঁরা শুরুর আগে অন্তত ৩ জন প্রতিবেশীর কাছ থেকে No Objection সার্টিফিকেট দরকার পড়বে।

### সঠিক কর্মী নিয়োগ জরুরি :

ফাস্ট ফুড কর্নারে দক্ষ রাঁধুনি আর অন্যান্য কর্মীর নিয়োগ সঠিক হওয়া দরকার। কারণ রান্নায় পটুতা সুস্বাদু খাবার তৈরি করতে সাহায্য করবে। আর অন্যান্য কর্মীদের নিষ্ঠাবান ব্যবহার দোকানের সুনাম বাড়াবে। আর লোক সমাগমে সহায়তা করবে। তাই সঠিক-কর্মী নিয়োগ বিশেষ দরকারি।

### ক্রেতাদের চাহিদার ব্যাপারে ওয়াকিবহাল থাকা দরকার :

ক্রেতারা স্বাস্থ্যকর খাবার চান আর এজন্য আরও বেশি টাকা খরচে কার্পণ্য করবেন না। ক্রেতার চাহিদা মেটাতে কঠোর পরিশ্রম করতে হবে। ট্রেন্ডের সঙ্গে তাল মিলিয়ে চলা আর বাজারের চাহিদার সঙ্গে খাপ খাইয়ে নেওয়া অপরিহার্য।

মেনুতে আরও স্বাস্থ্যকর বিকল্প যোগ করতে হবে আর ক্রেতারা যা চান তা দিতে হবে।

### ভারতে ফাস্ট ফুড ব্যবসা চালানোর খরচ কত:

দ্রুত পরিষেবা রেস্তঁরার জন্য বড়ো বিনিয়োগের দরকার হয় না। সাজসজ্জা বা জমকালো বসার জন্য প্রচুর টাকা ব্যয় করতে হবে না। তবে কিছু মৌলিক বিষয় বিবেচনা করতে হবে, যেমন লিজিং মূল্য, স্টাফিং খরচ আর রক্ষণাবেক্ষণের খরচ।

৩-৪ লাখ টাকা বিনিয়োগ করে ভারতে একটি ছোটো ফাস্ট ফুড ব্যবসা শুরু করতে পারেন।

### কী রকম জায়গা দরকার

রান্নাঘর আর কাউন্টার ফিট করার জন্য, প্রায় ৫০০ বর্গফুট জায়গা দরকার হবে। কাউন্টার আর সার্ভিং জোন ১০০ বর্গফুট রাখুন আর বাকি জায়গা বসার জন্য ব্যবহার করুন। কোনো সম্ভ্রান্ত এলাকায় এই আকারের একটি জায়গা ভাড়া নিতে প্রতি মাসে ৪০,০০০ থেকে ৫০,০০০ টাকার মধ্যে খরচ হতে পারে।

### রান্নাঘরের সরঞ্জাম

আপনার রান্নাঘর সেট আপ করতে প্রাথমিকভাবে প্রায় ২ লাখ টাকার মতো খরচ হতে পারে। দোকান একবার চালু হলে, দৈনন্দিন খরচ বলতে লাগবে কাঁচা শাকসবজি তেল আর মশলা।

### লাভবান হতে কতদিন সময় লাগে :

কোনো রেস্তঁরা লাভজনক হতে যে সময় লাগে তা ব্যাপকভাবে পরিবর্তিত হয়। তবে সাধারণভাবে এটি ১ থেকে ৩ বছরের মধ্যে সময় নিতে পারে। সাফল্য নির্ভর করে অবস্থান, রেস্তঁরার ব্যবস্থাপনার দক্ষতা আর বাজারের চাহিদা সহ বেশ কয়েকটি বিষয়ের ওপর।

### বিশ্বে সবথেকে ধনী ফাস্ট ফুড কোম্পানি কী:

McDonald. বিশ্বে সবথেকে ধনী ফাস্ট ফুড ব্র্যান্ড। ১৯১ বিলিয়ন U.S. Dollars, ২০২৩ সালে।

### ফাস্ট ফুড ব্যবসায় কত শতাংশ লাভ থাকে :

সাধারণভাবে ২০% থেকে ৩০% লাভ থাকে। ফলে এই QSR অত্যন্ত লোভনীয় ব্যবসা হিসাবে জনপ্রিয়।

### গ্র্যান্ড ওপেনিং

ব্যবসা শুরু করার জন্য কোনো ভালো দিন নির্বাচন করুন আর একটি শুভ অনুষ্ঠান বা পুজো দিয়ে শুরু করে উদ্বোধনী অনুষ্ঠানের পরিকল্পনা করুন।

দোকান সাজিয়ে কিছু কাছের লোককে আমন্ত্রণ জানাতে পারেন।

এছাড়াও, ক্রেতাদের আকৃষ্ট করতে শুরুর সপ্তাহে একটি ফ্রি ডিশ বা ছাড় দিতে পারেন।

### আপনার এই ব্যবসা বাজারজাত করতে কী করবেন :

(১) আপনার শহরের সামাজিক মিডিয়া চ্যানেল।

(২) পত্রিকায় প্যাম্ফলেট।

(৩) হোয়াটস অ্যাপ সম্প্রচার।

(৪) সাপ্তাহিক নিয়মিত ডিসকাউন্ট আর কম্বো অফার।

### উপসংহার

ফাস্ট ফুড কর্নার ব্যবসা আজকাল অত্যন্ত জনপ্রিয় আর লাভজনক ব্যবসা যে তাতে সন্দেহ নেই। তবে ভালোভাবে স্থিতি পেতে ১ থেকে ৩ বছরও লেগে যেতে পারে। তবে দোকানের অবস্থান জনবহুল এলাকায়, ভালো শেফ, ভালো মেনু থাকলে দোকান চটপট জনপ্রিয়তা পাবে আর লাভের মুখও সহজে দেখা যায়।

---

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# ৩টি সরকারি টেকনিক্যাল চাকরির পরীক্ষায় কীভাবে সফল হয়েছি



শুভ মণ্ডল

কলকাতার বেলঘরিয়ার ছেলে আমি। বাবা এক কারখানায় কাজ করে আমাকে লেখাপড়া শেখান। আমার বেড়ে ওঠায় বাবার পাশাপাশি মায়েরও গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। বেলঘরিয়া হাই স্কুল থেকে ২০১০ সালে মাধ্যমিক পাশ করি। এরপর ২০১২ সালে বেলঘরিয়া যতীন দাস বিদ্যাপীঠ থেকে উচ্চমাধ্যমিক পাশ করে ভৈরব গাঙ্গুলি কলেজে ভরতি হয়েছিলাম। কিন্তু জেনারেল কোর্সের পড়াশোনায় তেমন ভবিষ্যৎ দেখতে না পেয়ে টেকনিক্যাল কোর্সে ভরতির কথা ভাবি। সেইমতো জেক্সপো (পলিটেকনিক) পরীক্ষা দিয়ে সফল হয়ে দ্য ক্যালকাটা টেকনিক্যাল স্কুলে মেকানিক্যাল ট্রেডে ভরতি হই। ওখান থেকে ২০১৬ সালে পলিটেকনিকে ডিপ্লোমা কোর্স পাশ করে এক বেসরকারি সংস্থায় চাকরি পাই। কিন্তু বেসরকারি চাকরিতে তেমন উন্নতি ও আয়ের সুযোগ না পেয়ে, নিশ্চিত নিরাপত্তার জন্য ২০১৭ সালে ওই চাকরি ছেড়ে সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার কথা ভাবি। প্রস্তুতির জন্য 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে টিটিইই, (বেলঘরিয়া) কোচিং সেন্টারে ভরতি হই। ২০১৭ থেকে ২০১৯ সাল — ২ বছরে সরকারি টেকনিক্যাল ও নন টেকনিক্যাল নিয়ে অন্তত ৭ থেকে ৮টি চাকরির পরীক্ষা দিই। এরমধ্যে সেইল-এর অপারেটর কাম টেকনিশিয়ান, রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার ও পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দিয়ে সফল হই। কেন্দ্রীয় সংস্থা সেইল'এর রৌরকেলা ইউনিটে ১ বছর চাকরি করি। রেলের চাকরির পোস্টিং অনেক দূরে ছিল বলে যাইনি। এখন রাজ্য সরকারের জনস্বাস্থ্য কারিগরি দফতরের জুনিয়র ইঞ্জিনিয়ার পদে চাকরি করছি। এই পদের বিজ্ঞপ্তি বেরোয় ২০১৭ সালের ডিসেম্বর মাসে। পরীক্ষা নেয় পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে লিখিত পরীক্ষা হয়। ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় ছিল ১০০টি, ২ নম্বরের প্রশ্ন। সবই টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন। নেগেটিভ নম্বর ছিল। ৩টি ভুলের জন্য প্রাপ্ত নম্বর থেকে ২ নম্বর কাটা হয়। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করার পর ইন্টারভিউয়ে ডাকা হয়। ১০০ নম্বরের ইন্টারভিউ হয় পাবলিক সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন ৩ জন সদস্য। আমাকে মূলত টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন করা হয়। এছাড়াও জানতে চাওয়া হয় কেন বেসরকারি চাকরি ছেড়েছি? চূড়ান্ত সফল হয়ে ২০২০ সালে রাজ্য সরকারের জনস্বাস্থ্য কারিগরি দফতরে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে যোগ দিই।

প্রস্তুতির জন্য কোচিং সেন্টারের স্টাডি মেটেরিয়ালস পড়ি। আর নিয়মিত মহড়া পরীক্ষা দিই। টেকনিক্যাল বিষয়ের জন্য পড়েছিলাম আর. এস. খুর্মি ও আর. কে. জৈনের লেখা বই। জেনারেল স্টাডিজের (ম্যাথমেটিক্স, টেস্ট অফ রিজনিং) জন্য পড়েছিলাম আর. এস. আগরওয়াল ও লুসেন্টের লেখা বই। এছাড়াও 'কর্মসংস্থান' পত্রিকায় জেনারেল নলেজ আর টেকনিক্যাল বিষয়ের লেখা পড়ে উপকৃত হয়েছি।

আমার সাফল্যের অভিজ্ঞতায় বলতে পারি, টেকনিক্যাল পরীক্ষায় সফল হতে চাইলে ট্রেডের টেক্সট বই খুব খুটিয়ে পড়তে হবে। বিষয় নিয়ে ভালো ধারণা গড়ে তুলতে হবে। প্রস্তুতির ক্ষেত্রে ভালো গাইডেন্স খুব জরুরি। টেকনিক্যাল আর নন-টেকনিক্যাল সব ধরনের পরীক্ষা দেওয়াই ভালো।

---

## বিমা সংস্থায় ১৭০ অফিসার

১ পাতার পর

শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১, অন্যান্য ১।

ওপরের সব ক্ষেত্রে তপশিলী ও প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতার নম্বরে ৫% ছাড় পাবেন। বয়স হতে হবে ১-৯-২০২৪'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৯৪ থেকে ১-৯-২০০৩'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,৯২৫-৯৬,৭৬৫ টাকা। শুরুতে মেট্রো শহরের চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ৮০,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CORP.HRM/AO/2024, Dated: 06.09.2024.

প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ১৩ অক্টোবর ও দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে ১৭ নভেম্বর। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে: পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, কল্যাণী, হুগলি। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা : আগরতলা। ঝাড়খন্ড: জামশেদপুর, রাঁচী। ওড়িশা: বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা।

দুই পদের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর।

সফল হলে মেন পরীক্ষা। জেনারেলিস্ট পদের মেন পরীক্ষায় ২০০ নম্বরের আড়াই ঘন্টার অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) টেস্ট অফ রিজনিং, (৪), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড।

স্পেশালিস্ট অফিসার পদের মেন পরীক্ষায় ২০০ নম্বরের আড়াই ঘন্টার অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) টেস্ট অফ রিজনিং, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, (৫) স্পেশালাইজেশন বিষয়।

দুই ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

এছাড়াও ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৩০ নম্বরের ৩০ মিনিটের পরীক্ষায় থাকবে প্রবন্ধ লেখা-২০ নম্বর ও চিঠি লেখা-১০ নম্বর। সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। ইন্টারভিউ দিতে যাতায়াতের দ্বিতীয় শ্রেণির ভাড়া পাবেন। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। তপশিলী, ও.বি.সি.'রা প্রি-এক্সামিনেশন ট্রেনিং নিতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://newindia.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন 'I------(Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৮৫০ টাকা (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

---

## রেল ও রোপওয়ে কর্পোরেশনে

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ৪টি, ইলেক্ট্রিক্যাল ২, মেকানিক্যাল ১টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ৪টি, ইলেক্ট্রিক্যাল ২, মেকানিক্যাল ১টি।

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ২৩ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং হবে মুম্বইয়ে। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2024, dated 30-8-24.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.iprcl.in দরখাস্ত করার শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

https://t.me/VISION_ACADEMY_PDF

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

### রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2026 এর কোচিং

একাদশ শ্রেণী (Class XI) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | David Sassoon High School | 9832589036 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Namkhana Narayan Vidyamandir | 8777501865 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | Bishnupur High School Auditorium | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Ambika Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Paschim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Paschim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8250633799 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L Vidybhaban | 7872781448 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Maharaja Nripendra Narayan High School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur High School (Boy's) | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM Darjeeling | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Girl's High School | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boy's High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 8345835151 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে।
25/09/2024 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র বা PO.cum-DWO অফিসে জমা করতে হবে।
অথবা Online এ আবেদন করতে হবে :- www.wbbcdev.gov.in

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9123906966

https://t.me/VISION_ACADEMY_PDF

# WBPSC Exam

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৫ সেপ্টেম্বর। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন মিসলেনিয়াস সার্ভিসে সফল লেডি ম্যাস এডুকেশন এক্সটেনশন অফিসার **সুতপা কর**।



## মিসলেনিয়াস সার্ভিসেস

1. 'বায়লাডিলা লৌহ আকরিক খনি'টি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্ণাটক (b) ওড়িশা (c) ছত্তিশগড় (d) মধ্য প্রদেশ

2. অজৈব গ্রাফাইট হল —
(a) $B_3N_3H_6$ (b) BN (c) SiC (d) $Si_3N_4$

3. টোল প্লাজাগুলির জন্য NHAI সম্প্রতি কী উদ্যোগ চালু করেছে?
(a) 'One Vehicle, One FASTag' (b) 'Two Vehicle, One FASTag' (c) 'Three Vehicle, One FASTag' (d) 'Four Vehicle, One FASTag'

4. নীচের কোনটি অম্লিতন মাত্রিক বিশ্লেষণ পদ্ধতিতে নির্দেশক হিসাবে ব্যবহৃত হয়?
(a) মিথাইল অরেঞ্জ (b) ক্রেসোল থাইমল ব্লু
(c) বেরিয়াম ডাইফিনাইলঅ্যামিন সালফোনেট (d) সলোক্রোম ব্ল্যাক-টি

5. পিতল কোন ধাতু দিয়ে তৈরি একটি সংকর ধাতু?
(a) নিকেল ও দস্তা (b) তামা ও নিকেল
(c) তামা ও দস্তা (d) তামা, নিকেল ও দস্তা

6. শিবাজী মোগলদের সঙ্গে কোন সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হন?
(a) পুণের সন্ধি (b) এলাহাবাদ সন্ধি
(c) গোয়ালিয়রের সন্ধি (d) পুরন্দরের সন্ধি

7. ভারতের বাইরের দেশগুলিতে ইউপিআই প্রসারিত করতে, 'এনপিসিআই ইন্টারন্যাশনাল'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে কোন সংস্থা?
(a) PhonePe (b) Google Pay (c) Paytm (d) Amazon Pay

8. আরাবল্লী পর্বতমালার উচ্চতম শৃঙ্গ কোনটি?
(a) দোদাবেতা (b) গোর্গাবুরু (c) পাঁচমারি (d) গুরু শিখর

9. নীচের কোন যৌগ সবথেকে বেশি আম্লিক গুণ প্রদর্শন করে?
(a) বেঞ্জয়িক অ্যাসিড (b) স্যালিসাইলিক অ্যাসিড
(c) প্যারা হাইড্রক্সি বেঞ্জয়িক অ্যাসিড
(d) অর্থো মিথোক্সি বেঞ্জয়িক অ্যাসিড

10. 'সিআইএসএফ'এর প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল কে?
(a) নীনা সিং (b) রশ্মি শুক্লা (c) কিরণ বেদি (d) এস. সুশ্রী

11. মরীচিকা নীচের কোনটির উদাহরণ?
(a) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন (b) বর্ণালী (c) প্রতিসরণ (d) প্রতিফলন

12. অ্যাসিটিক অ্যাসিড ও ইথানলের মধ্যে প্রোটনের উপস্থিতিতে সংগঠিত বিক্রিয়াটি কী ধরনের?

$$CH_3COOH + C_2H_5OH \xrightarrow{H^+} CH_3COOC_2H_5 + H_2O$$

(a) সাবানীভবন (b) এস্টারীভবন (c) প্রশমন (d) অ্যালকিলভবন

13. এবছর 'ভারতের আবহাওয়া বিভাগ' তাদের কত তম প্রতিষ্ঠা দিবস পালন করেছে?
(a) 131তম (b) 125তম (c) 100তম (d) 150তম

14. কোন অ্যাসিডকে 'অ্যাকোয়া ফর্টিস' নামে অভিহিত করা হয়?
(a) হাইড্রোক্লোরিক অ্যাসিড (b) অ্যাসিটিক অ্যাসিড
(c) নাইট্রিক অ্যাসিড (d) সালফিউরিক অ্যাসিড

15. নীচের কোনটি দক্ষিণ আফ্রিকার একটি ক্রিকেট খেলার মাঠ নয়?
(a) জোহানেসবার্গ (b) ওয়েলিংটন (c) সেঞ্চুরিয়ান (d) ডারবান

16. নালিক্ষয় কোন প্রাকৃতিক শক্তির মাধ্যমে সংঘটিত ক্ষয়কার্যের উদাহরণ?
(a) বায়ুপ্রবাহ (b) সূর্যের উত্তাপ (c) হিমবাহ (d) জলপ্রবাহ

17. প্রমাণ তাপমাত্রা ও চাপে এক গ্রাম মোল যেকোনো গ্যাসের আয়তন —
(a) 11.2 লিটার (b) 22.4 লিটার (c) 5.6 লিটার (d) 16.78 লিটার

18. 2023 সালের আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন কে?
(a) সূর্যকুমার যাদব (b) রোহিত শর্মা
(c) বিরাট কোহলি (d) শ্রেয়স আইয়ার

19. অঙ্গের ব্যবহার ও অব্যবহারের সূত্রটি কোন বৈজ্ঞানিকের প্রবর্তিত মতবাদ?
(a) মেন্ডেল (b) ভাইসম্যান (c) ডারউইন (d) ল্যামার্ক

20. ভারতের কোন রাজ্যে 'সামাজিক ন্যায়বিচারের মূর্তি' নামে আম্বেদকরের মূর্তি স্থাপন করা হয়েছে?
(a) রাজস্থান (b) গুজরাত (c) কর্ণাটক (d) অন্ধ্র প্রদেশ

21. একটি ধাতব পরিবাহীর তড়িৎ রোধাঙ্ক—
(a) তাপমাত্রার সঙ্গে বেড়ে যায় (b) তাপমাত্রার সঙ্গে কমে যায়
(c) তাপমাত্রার সঙ্গে পরিবর্তন হয় না (d) নিম্ন তাপমাত্রায় পরিবর্তন হয় না, তারপর উর্ধ্ব তাপমাত্রায় বেড়ে যায়

22. মানবদেহে অগ্ন্যাশয়ের আলফা কোশ থেকে কোন হরমোনটি নিঃসৃত হয়?
(a) ইনসুলিন (b) গ্লুকাগন
(c) প্রোজেস্টেরন (d) ইস্ট্রোজেন

23. সাধারণ চাপ ও তাপমাত্রায় নীচের কোনটি অনিয়তাকার নয়?
(a) চক (b) পিচ (c) সাধারণ লবণ (d) কাঠ

24. কত সালে 'হলদিঘাটের যুদ্ধ' হয়েছিল?
(a) 1576 (b) 1584 (c) 1566 (d) 1564

25. নীচের কোনটি তীব্র তড়িৎ বিশ্লেষ্য?
(a) $CH_2OH$ (b) $CH_3COONa$
|
$CH_2OH$
(c) $(CH3CO)_2O$ (d) $CH_3CHO$

26. 'এটিলা' কোন সম্প্রদায়ের নেতা ছিলেন?
(a) পল্লব (b) গ্রিক (c) হুণ (d) শক

27. প্রথম ভারতীয় মহিলা ক্রীড়াবিদ হিসাবে অশ্বারোহী খেলার জন্য 'অর্জুন পুরস্কার' পান কে?
(a) ভক্তি শর্মা (b) দিব্যকৃতি সিং
(c) পি.ভি. সিন্ধু (d) আনহাত সিং

28. সম্প্রতি প্রয়াত রাম নারায়ণ আগরওয়াল (৮৪ বছর) কে ছিলেন?
(a) বিজ্ঞানী (b) লেখক
(c) সাংবাদিক (d) চিত্রকর

29. জৈব সারের ক্ষেত্রে নীচের কোনটি সত্যি নয়?
(a) ধীরে ধীরে নাইট্রোজেন ত্যাগ করে
(b) মাটির pH-এর মান খুব বেশি পাল্টায় না
(c) রাসায়নিক সারের থেকে বেশি কার্যকরী
(d) এটি পরিবেশবান্ধব

30. 2023 সালে 'স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার'এ ভারতের সবথেকে স্বচ্ছ শহরের তকমা পেল কোন দুই শহর?
(a) সুরাত ও ইন্দোর (b) মুম্বই ও ইন্দোর
(c) পটনা ও ইন্দোর (d) শ্রীনগর ও ইন্দোর

31. চিংড়ির ক্যারাপেসের যে অংশটি গিল আবরণীর কাজ করে তাকে বলা হয় —
(a) ব্রঙ্কাস (b) ব্র্যাঙ্কিস্টেপাল ঝিল্লী
(c) ব্র্যাঙ্কিওস্টেগাইট (d) ব্র্যাঙ্কিওস্টেগাল পাইন

32. খরজলের মৃদুকরণের অর্থ হল —
(a) জল থেকে $Na^+$ আয়ন দূরীকরণ (b) জল থেকে শুধুমাত্র $Fe^{+3}$ আয়ন দূরীকরণ (c) জল থেকে $Ca^{+2}$, $Mg^{+2}$ ও $Fe^{+3}$ আয়নগুলি দূরীকরণ
(d) জল থেকে জৈব অপদ্রব্যগুলি দূরীকরণ

33. এবছর কতজন খেলোয়াড়কে ক্রীড়া ও গেমসে অসামান্য কৃতিত্বের জন্য 'অর্জুন পুরস্কার' দেওয়া হয়েছে?
(a) 28 (b) 27 (c) 26 (d) 32

34. কোন রিট অনুযায়ী উর্ধ্বতন কোর্ট কোনো নিম্ন কোর্ট বা, কোনো ব্যক্তিকে তার কর্তব্য পালনে বাধ্য করতে পারে?
(a) সারটিওরারি (b) প্রহিবিশন
(c) ম্যান্ডামাস (d) হেবিয়াস কর্পাস

35. ছত্রাক সংক্রমণে কোন রোগটি ছড়ায়?
(a) পোলিও (b) ম্যালেরিয়া
(c) ডার্মাটাইটিস (d) কলেরা

36. ইমানুয়েল ম্যাক্রোঁ কোন দেশের রাষ্ট্রপ্রধান?
(a) জার্মানি (b) গ্রেট ব্রিটেন
(c) ইতালি (d) ফ্রান্স

37. মানব মস্তিষ্কের কোন অংশ দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে?
(a) লঘুমস্তিষ্ক (b) সুষুম্নাশীর্ষক
(c) মধ্যমস্তিষ্ক (d) থ্যালামাস

38. মেন্ডেলীয় দ্বিসংকর জননের বহিরঙ্গের অনুপাত হল —
(a) 9 : 3 : 3 : 1 (b) 1 : 1 : 1 : 1
(c) 3 : 4 : 3 : 1 (d) 1 : 2 : 1 : 1

39. নীচের কোন সমস্থানিকটি থাইরয়েড রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়?
(a) $CO^{60}$ (b) $I^{131}$ (c) $P^{32}$ (d) $C^{14}$

40. 'ইলবার্ট বিল' কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত ছিল?
(a) বিচার ব্যবস্থা (b) আইনসভা
(c) সংবাদপত্রের স্বাধীনতা (d) শিক্ষা

41. হাতের সাহায্যে কোনো বস্তু তোলার সময় হাত কোন শ্রেণির লিভার হিসাবে কাজ করে?
(a) তৃতীয় (b) চতুর্থ (c) দ্বিতীয় (d) প্রথম

42. প্রদত্ত তেজস্ক্রিয় বিক্রিয়াতে $Be_4^9 + He_2^4 = C_6^{12} + Z$ -এ, Z হল
(a) $n_0^1$ (b) $2n_0^1$ (c) $H_1^1$ (d) $e_{-1}^0$

43. 'রামচরিতম'এর রচয়িতা কে?
(a) বাণভট্ট (b) কলহন
(c) সন্ধ্যাকর নন্দী (d) তুলসীদাস

44. নীচের কোন ধাতু উভধর্মী অক্সাইড গঠন করে না?
(a) Al (b) Zn (c) Sn (d) Cu

45. 'কানহা ন্যাশনাল পার্ক' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্ণাটক (b) রাজস্থান (c) ছত্তিশগড় (d) মধ্য প্রদেশ

46. দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে কোন পরিব্রাজক ভারতে আসেন?
(a) অল বেরুনি (b) ইবন বতুতা (c) হিউয়েন সাং (d) ফা হিয়েন

47. লোকসভায় পাস হওয়ার পর একটি অর্থ বিল রাজ্যসভায় পাঠানোর কত দিনের মধ্যে আবার লোকসভায় ফেরত পাঠাতে হয়?
(a) 21 (b) 28 (c) 14 (d) 7

## মিসলেনিয়াস সার্ভিসেস

48. ঝাল সংকর ধাতুর মৌলিক উপাদানগুলি হল —
(a) লেড ও টিন (b) লেড ও অ্যান্টিমনি
(c) লেড, টিন ও অ্যান্টিমনি (d) অ্যালুমিনিয়াম ও ম্যাগনেশিয়াম

49. মহাবীরের উপদেশের সংকলন কী নামে খ্যাত?
(a) সিদ্ধান্ত (b) কৈবল্য (c) পঞ্চ মহাব্রত (d) চতুর্যাম

50. ক্লোরোফিলে কোন ধাতুটি উপস্থিত আছে?
(a) জিঙ্ক (b) লোহা (c) ম্যাগনেশিয়াম (d) তামা

51. ভারতীয় নৌবাহিনীর প্রধান এখন কে?
(a) দীনেশ কে. ত্রিপাঠি (b) আর. হরি কুমার
(c) করমবীর সিং (d) সুনীল লানবা

52. 'দারিংবারি' পর্যটনস্থলটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্য প্রদেশ (b) অন্ধ্র প্রদেশ (c) ওড়িশা (d) ঝাড়খণ্ড

53. ভারতের উত্তর-পূর্বের রাজ্যগুলিতে কোন ধরনের স্বাভাবিক উদ্ভিদ সর্বাধিক দেখতে পাওয়া যায়?
(a) ক্রান্তীয় মরু উদ্ভিদ (b) উপকূলীয় উদ্ভিদ
(c) ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদ (d) ক্রান্তীয় চিরহরিৎ উদ্ভিদ

54. 1967 সালে নিম্নলিখিতের মধ্যে কোন ব্যক্তি উপ-প্রধানমন্ত্রী নির্বাচিত হন?
(a) চৌধুরি চরণ সিং (b) শ্রী জগজীবন রাম
(c) মোরারজি দেশাই (d) সর্দার বল্লভভাই প্যাটেল

55. 'কালো নুনিয়া চাল', যা সম্প্রতি জিআই ট্যাগ পেয়েছে, এটি ভারতের কোন রাজ্যের অন্তর্গত?
(a) কেরল (b) ছত্তিশগড় (c) পশ্চিমবঙ্গ (d) গুজরাত

56. রাসায়নিকভাবে 'অ্যাসপিরিন' হল—
(a) অ্যাসিটাইলস্যালিসাইলিক অ্যাসিড (b) সোডিয়াম স্যালিসাইলেট
(c) মিথাইল স্যালিসাইলেট (d) ইথাইল স্যালিসাইলেট

57. নীচের কোনটির গন্ধ পচা মাছের মতো?
(a) ওজোন (b) ক্লোরিন (c) ফসফিন (d) অ্যাসিটিলিন গ্যাস

58. 81তম 'গোল্ডেন গ্লোব পুরস্কার'এ সেরা চলচ্চিত্র (ড্রামা) বিভাগে বিজয়ী হয়েছে কোন চলচ্চিত্র?
(a) পুয়োর থিংস (b) ওপেনহাইমার (c) দ্য হোল্ডওভারস (d) সাকসেশন

59. পিঁপড়ের হুলের মধ্যে নীচের কোন অ্যাসিডটি থাকে?
(a) টার্টারিক অ্যাসিড (b) হাইড্রোব্রোমিক অ্যাসিড
(c) মিউরিয়েটিক অ্যাসিড (d) ফরমিক অ্যাসিড

60. 'মাদাগাস্কার' দেশটি কোন মহাদেশে অবস্থিত?
(a) উত্তর আমেরিকা (b) দক্ষিণ আমেরিকা (c) আফ্রিকা (d) এশিয়া

61. উদ্ভিদের পরিপক্ব বীজে কোন হরমোনটি সংশ্লেষিত হয়?
(a) সাইটোকাইনিন (b) অক্সিটোসিন (c) জিব্বারেলিন (d) অক্সিন

62. 'ইউনেস্কো'র সদরদফতর কোথায় অবস্থিত?
(a) আমস্টারডাম (b) প্যারিস (c) জেনেভা (d) নিউইয়র্ক

63. দ্বিতীয় গোলটেবিল বৈঠকে ভারতীয় জাতীয় কংগ্রেসের হয়ে কে প্রতিনিধিত্ব করেন?
(a) বালগঙ্গাধর তিলক (b) মতিলাল নেহরু
(c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু

64. কফি চাষের জন্য নীচের কোন মাটি সর্বোৎকৃষ্ট?
(a) লাল মাটি (b) পলি মাটি (c) ল্যাটেরাইট মাটি (d) কালো মাটি

65. ইউগ্লিনা কীসের সাহায্যে গমন করে?
(a) সিলিয়া (b) সিউডোপিয়া (c) ফ্ল্যাজেলা (d) পাখনা

66. ষোড়শ মহাজনপদের মধ্যে দক্ষিণ ভারতে অবস্থিত মহাজনপদটির নাম কী?
(a) মালব (b) অস্মক (c) অঙ্গ (d) কোশল

67. মানুষের প্রতিটি দেহকোশে কতগুলি সেক্স ক্রোমোজোম থাকে?
(a) 46 টি (b) 23 জোড়া (c) 4টি (d) 2টি

68. কোন উৎসেচক প্রোটিনকে পেপটোনে পরিণত করে?
(a) ট্রিপসিন (b) হরিপসিন (c) রেনিন (d) পেপসিন

69. নীচের কোন উপকূলভাগে শীতকালীন বৃষ্টিপাত দেখতে পাওয়া যায়?
(a) গুজরাত উপকূল (b) করমণ্ডল উপকূল
(c) মালাবার উপকূল (d) কোঙ্কন উপকূল

70. 'হার্ৎজ' কীসের একক?
(a) ঘনত্ব (b) তরঙ্গ দৈর্ঘ্য (c) কম্পাঙ্ক (d) শক্তি

71. নেফ্রিডিয়া কোন প্রাণীর রেচন অঙ্গ?
(a) কেঁচো (b) প্ল্যানেরিয়া (c) আরশোলা (d) ইঁদুর

72. অ্যানি বেসান্ত কোন স্থানে 'হোমরুল লিগ' প্রতিষ্ঠা করেন?
(a) কলকাতা (b) পুণে (c) বোম্বাই (d) মাদ্রাজ

https://t.me/VISION_ACADEMY_PDF

GIMS

# GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

www.gimsglobal.in

Registered with MSME (Govt. of India)

* Condition Apply

We are associated with - SHARK edutech.com define your future with us

Hotel Management courses approved by
NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)
Reg: No. WB/NCVTE/N1047456

# Hotel and Hospitality Management

## COURSES OFFERED : 6 Months / 1 Year / 2 Years

## নিজের রোজগারে ভবিষ্যৎ গড়ে তোলার সুবর্ণ সুযোগ

কোর্স চলাকালীন 2 মাস পর থেকেই 8,000 থেকে 15,000 টাকা পর্যন্ত ইনকাম করার সুযোগ

30 শে সেপ্টেম্বর-এর মধ্যে 6 মাসের কোর্সে ভর্তি হলে থাকা-খাওয়া সহ বাড়ি থেকে 14,000 টাকা দিতে হবে, বাকি টাকা Income করে পরিশোধ করার সুযোগ



TV9 বাংলা
Excellence Placement in Hotel and Hospitality Management
Global Institute of Management Studies (GIMS)
Awarded by TV9 Bangla



NEWS 18 বিহার ঝারখণ্ড
Best Placement in Hospitality Industry
Global Institute of Management Studies (GIMS)
Awarded by News 18 Bihar Jharkhand







NEWS 18 বাংলা
"Youngest Leader in Hotel and Hospitality Education" at the Leadership Conclave 2024
Global Institute of Management Studies (GIMS)
Awarded by News 18 Bangla

**Campus :** Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kolkata - 700157

7980342318, 9163354871, 9875393007 | Ph. : 03328042616 | Toll Free No. 1800 202 2526

**Haldia Office :** Vill.: Brajanathchak, PO- Haldia Port, Dist.- East Medinipur, PS- Haldia, PIN- 721605 (Near Crystal Tower), Sec- 13 More. M : 7384162083

**Franchise নিতে আগ্রহী থাকলে WhatsApp করুন : 9836243555**

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal. Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com

https://t.me/VISION_ACADEMY_PDF